# বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

৩৭/এ, দিলকুশা বা/এ, ঢাকা
প্রশাসন-১ শাখা
প্রশাসন অনুবিভাগ
www.idra.org.bd

স্মারক নম্বর-৫৩.০৩.০০০০.০০০.০০৮.১১.০০০২.২৫-২১

তারিখ: ১০ বৈশাখ ১৪৩২ বাংলা
২৩ এপ্রিল ২০২৫ খ্রি:

## নিয়োগ বিজ্ঞপ্তি

অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের আওতাভুক্ত বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের নিম্নবর্ণিত শূন্য পদসমূহ পূরণের লক্ষ্যে পদের পার্শ্বে বর্ণিত শর্ত সাপেক্ষে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে অনলাইনে http://idra.teletalk.com.bd/ আবেদন আহ্বান করা যাচ্ছে। অনলাইন (Online) ব্যতীত অন্য কোন মাধ্যমে প্রেরিত আবেদন গ্রহণ করা হবে না:

| ক্রম : | পদের নাম, গ্রেড ও বেতন স্কেল | পদ সংখ্যা | সর্বোচ্চ বয়সসীমা | যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১. | প্রোগ্রামার (গ্রেড-৬) বেতনস্কেল: টাকা ৩৫,৫০০-৬৭,০১০/- | ০১ (এক) | ৩৫ বছর | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সায়েন্স/কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রোনিক্স ইঞ্জিনিয়ারিং /ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ০৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কোনো সরকারি /স্বায়ত্তশাসিত/আধাস্বায়ত্তশাসিত/সংবিধিবদ্ধ প্রতিষ্ঠানে সিনিয়র কম্পিউটার অপারেটর/সহকারী প্রোগ্রামার/সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী হিসাবে অন্যূন ০৪ (চার) বৎসরের চাকুরী। |
| ২. | উপ-পরিচালক (গ্রেড-৭) বেতনস্কেল: টাকা ২৯০০০-৬৩৪১০/- | ০৫ (পাঁচ) | ৪০ বছর | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে আইন, গণিত, পরিসংখ্যান, অর্থনীতি, ব্যবসায় প্রশাসন, ব্যাংকিং এন্ড ইন্স্যুরেন্স বিষয়ে ৪ (চার) বৎসর মেয়াদী দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) অথবা প্রথম শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী; এবং<br>(খ) কোনো আর্থিক প্রতিষ্ঠানে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা অথবা কোনো স্বীকৃত বীমা সোসাইটি বা ইনস্টিটিউট এর ফেলোশিপ অথবা এসোসিয়েটশীপ অথবা কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হতে সমমানের পেশাগত দক্ষতাসহ বাংলাদেশ ইনস্টিটিউট অব চার্টার্ড একাউন্টস এর ফেলোশিপ অথবা এসোসিয়েটশীপ। |
| ৩. | সহকারী পরিচালক (গ্রেড-৯ম) বেতনস্কেল: ২২০০০-৫৩০৬০/- | ০৫ (পাঁচ) | ৩২ বছর | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে আইন, গণিত, পরিসংখ্যান, অর্থনীতি, ব্যবসায় প্রশাসন, ব্যাংকিং এন্ড ইন্স্যুরেন্স বিষয়ে ৪ (চার) বৎসর মেয়াদী দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) অথবা প্রথম শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী |
| ৪. | কর্মকর্তা (গ্রেড-১১) বেতনস্কেল: ১২৫০০-৩০২৩০/- | ০১ (এক) | ৩২ বছর | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যে কোনো বিষয়ে ৪ (চার) বৎসর মেয়াদী দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) অথবা প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী |
| ৫. | কম্পিউটার অপারেটর (গ্রেড-১৩) বেতন স্কেল : টাকা ১১,০০০-২৬,৫৯০/- | ০৫ (পাঁচ) | ৩২ বছর | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) অথবা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজিতে ৩০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হতে হবে।<br>(গ) লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা শুধু ব্যবহারিক পরীক্ষায় এবং ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই শুধু মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন। |
| ৬. | ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর (গ্রেড-১৬) বেতন স্কেল: টাকা ৯,৩০০-২২,৪৯০ | ০২ (দুই) | ৩২ বছর | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২০ শব্দ এবং ইংরেজিতে ২০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হতে হবে।<br>গ) লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা শুধু ব্যবহারিক পরীক্ষায় এবং ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই শুধু মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন। |

**নিম্নবর্ণিত শর্তাবলি আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবে:**

১. আবেদনকারীর নাম, পিতার নাম, মাতার নাম, জন্ম তারিখ ও নিজ জেলাসহ অন্যান্য সকল তথ্য সংশ্লিষ্ট সনদে যেভাবে লেখা রয়েছে অনলাইন আবেদন ফরমে এবং পরবর্তীতে হুবহু সেভাবে লিখতে হবে।

২. মুদ্রিত/হস্তলিখিত কোন প্রকার আবেদন বা কাগজপত্র ডাকযোগে বা অন্য কোন উপায়ে প্রেরণ করা হলে তা গ্রহণযোগ্য হবে না।

৩. **০১.০৪.২০২৫ খ্রি: তারিখে আবেদনকারীর সর্বনিম্ন বয়স ১৮ (আঠারো) হতে হবে এবং সর্বোচ্চ বয়সসীমা ০৪ নম্বর কলামে উল্লিখিত বয়সসীমার মধ্যে থাকতে হবে এবং বয়স প্রমাণের ক্ষেত্রে কোনো প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।**

৪. এই নিয়োগ বিজ্ঞপ্তির ছকের ১, ৫ ও ৬ নং ক্রমিকে বর্ণিত পদসমূহ পূরণে জনপ্রশাসন মন্ত্রণালয়ের "সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯" অনুসরণ করা হবে।

৫. বিজ্ঞপ্তির ১ নং ক্রমিকে বর্ণিত পদের শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ের সমমান হিসেবে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২০ ফেব্রুয়ারি ২০২৪ তারিখের ০৫.০০.০০০০.১৪৭.৯৯.০১০.১৮-৬০ নং স্মারক অনুযায়ী **কম্পিউটার সায়েন্স এন্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, ইনফরমেশন টেকনোলজি, টেলিকমিউনিকেশন এন্ড ইলেট্রনিক্স ইঞ্জিনিয়ারিং, এপ্লাইড ফিজিক্স, ইলেকট্রনিক্স এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, এপ্লাইড ফিজিক্স এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং, সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং ও ইলেকট্রনিক্স এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিষয়ের প্রার্থীগণ যোগ্য বিবেচিত হবেন।**

৬. বিজ্ঞপ্তির ১ ও ২ নং ক্রমিকে উল্লিখিত পদে আবেদনকারী প্রার্থীগণ অনলাইনে যথাযথ আবেদন দাখিল করত আগামী ২২ জুন ২০২৫ থেকে ৩ জুলাই ২০২৫ তারিখের মধ্যে সকল শিক্ষাগত সনদ, অভিজ্ঞতার সনদ, নাগরিক সনদ, জাতীয় পরিচয়পত্র এবং প্রাধিকার সনদের সত্যায়িত কপি বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের কার্যালয়ে জমাদান করবেন।

৭. সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। চাকরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি পত্রের মূল কপি প্রদর্শন করতে হবে।

৮. নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান ও কোটা নীতি এবং পরবর্তীতে সংশ্লিষ্ট বিধি-বিধানে কোনরূপ সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

৯. কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

১০. লিখিত/মৌখিক/ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১১. নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১২. আবেদনের শর্তাবলিতে উল্লেখ করা হয়নি এরূপ ক্ষেত্রে সরকার কর্তৃক জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

১৩. IDRA নিয়োগ পরীক্ষা, ২০২৫-এর বিজ্ঞপ্তি, online-এ আবেদনপত্র পূরণের নিয়মাবলী, SMS-এর মাধ্যমে আবেদন ফি প্রদানের নিয়মাবলী ও অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি আবেদন সংশ্লিষ্ট ওয়েবসাইট http://idra.teletalk.com.bd, কর্তৃপক্ষের ওয়েবসাইট http://www.idra.org.bd ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ওয়েবসাইট http://www.fid.gov.bd তে পাওয়া যাবে।

১৪. অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলি:

(ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি http://idra.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

(i) Online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময়: **২৪/০৪/২০২৫; সকাল ১০.০০ ঘটিকা**

(ii) Online-এ আবেদনপত্র পূরণের শেষ তারিখ ও সময়: **২৪/০৫/২০২৫; বিকাল ০৫.০০ ঘটিকা**

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দিবেন।

(খ) Online আবেদনপত্রে প্রার্থী তার রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০ pixel) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ 100KB ও স্বাক্ষরের সাইজ 60KB এর মধ্যে হতে হবে।

(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোনো প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। আবেদন submit করা প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy তে যদি কোন ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে, আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয়। তাই, আবেদন ফি জমাদানের পূর্বে অবশ্যই Applicant's Copy তে প্রার্থীর সদ্য তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর রয়েছে মর্মে নিশ্চিত হয়ে PDF Copy ডাউনলোড পূর্বক রঙিন প্রিন্ট সম্পন্ন করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID দেয়া থাকবে এবং User ID ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে আবেদন ফি বাবদ Teletalk এর সার্ভিস চার্জ সহ ১-৩ নং ক্রমিকের জন্য আবেদন ফি বাবদ ২০০/- (দুইশত) টাকা ও টেলিটক এর সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ) ২৩/- (তেইশ) টাকাসহ (অফেরতযোগ্য) মোট ২২৩/- (দুইশত তেইশ) টাকা, ৪ নং ক্রমিকের জন্য আবেদন ফি বাবদ ১৫০/-(একশত পঞ্চাশ টাকা) ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ১৮ (আঠারো) টাকা মোট ১৬৮ (একশত আটষট্টি) টাকা এবং ৫ ও ৬ নং ক্রমিকের জন্য আবেদন ফি বাবদ ১০০/-(একশত টাকা) ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ১২/- (বারো) টাকা মোট ১১২/- (একশত বারো) টাকা। তবে সকল গ্রেডের অনগ্রসর (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের প্রার্থীগণ) আবেদন ফি বাবদ ৫০/- (পঞ্চাশ টাকা) ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ৬/-(ছয়) টাকাসহ সর্বমোট ৫৬(ছাপ্পান্ন) টাকা অনধিক ৭২ ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য,"Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবে না।"

**প্রথম SMS: IDRA<space>**User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example : IDRA ABCDEF

Reply: Applicant's Name, TK-**223/168/112/56** will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type IDRA<Space>Yes<space>PIN and send to 16222.

**দ্বিতীয় SMS:** IDRA**<space>**Yes**<space>**PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: IDRA Yes 12345678

Reply: Congratulations Applicant's Name, Payment completed successfully for IDRA Application for (post name). User ID is (ABCDEF) and password (xxxxxxxx).

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://idra.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয় ।

(ছ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন Print করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত এবং মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

(জ) শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন:

(i) **User ID জানা থাকলে:**

**IDRA<space>Help<space>User<space>User ID** & Send to 16222.

Example: IDRA Help User ABCDEF

(ii) **PIN Number জানা থাকলে:**

**IDRA<space>Help<space>PIN<space>PIN Number** & Send to 16222.

Example: IDRA Help PIN 12345678.

(ঝ) পত্রিকা ছাড়াও বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের ওয়েবসাইট www.idra.gov.bd এ বিজ্ঞপ্তিসহ এতদ্‌সংক্রান্ত সকল তথ্য দেখা যাবে। অথবা **QR Code** স্ক্যান এর মাধ্যমে মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.idra.gov.bd হতে জানা যাবে।

(ঞ) Online-এ আবেদনের ক্ষেত্রে কোনো সমস্যা হলে যেকোনো টেলিটক নম্বর থেকে ১২১ অথবা alljobs.query@teletalk.com.bd বা officeradmin1@idra.org.bd ই-মেইল এ যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdteletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে (Mail/মেসেজ এর subject-এ Organization Name: IDRA, Post Name: *****, Applicant's User ID (প্রযোজ্য ক্ষেত্রে) ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

(ট) ডিক্লারেশনঃ প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোন প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

(ঠ) আবেদনের শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে রেজিষ্ট্রেশন সম্পন্ন করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের ওয়েবসাইটে প্রবেশ এর
**QR Code**

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের টেলিটক পোর্টালের
**QR Code**

**সদস্য সচিব**
**বাছাই কমিটি**
**ফোন: ৪১০৫১৩৭৯**
**ই-মেইল:** directoradmin@idra.org.bd